গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৬তম জন্মবার্ষিকী এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৮তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে জাতীয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আসাদুজ্জামান নূর, এমপি<br>মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০৯ এপ্রিল ২০১৭, বিকাল - ৩.০০ টা |
| সভার স্থান | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে (ভবন নং-৬, ১১ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |

সভায় উপস্থিত কর্মকর্তা ও সুধীবৃন্দের তালিকা সংযুক্তি- সদয় দ্রষ্টব্য।

সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় যুগ্মসচিব (অনুষ্ঠান) জনাব মোঃ ফয়জুর রহমান ফারুকী'কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। যুগ্মসচিব (অনুষ্ঠান) সকলকে অবহিত করেন যে প্রতিবছরের ন্যায় এবছরও জাতীয়ভাবে আগামী ২৫ বৈশাখ ১৪২৪ / ৮ মে ২০১৭ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৬তম জন্মবার্ষিকী এবং ১১ জ্যৈষ্ঠ ১৪২৪ / ২৫ মে ২০১৭ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৮তম জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হবে। সেলক্ষ্যে প্রণীত খসড়া কর্মসূচি চূড়ান্ত করার জন্য সভায় উপস্থাপন করে সকলকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

০২। অতঃপর বিস্তারিত আলোচনার পর এ বছর বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৬তম জন্মবার্ষিকী এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৮তম জন্মবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৬তম জন্মবার্ষিকী উদ্‌যাপন

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | **অনুষ্ঠানের প্রতিপাদ্য বিষয় :**<br>জাতীয়ভাবে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৬তম জন্মবার্ষিকী উদ্‌যাপনে এবারের প্রতিপাদ্য বিষয় হিসেবে 'মানুষের ধর্ম: রবীন্দ্রনাথ ও সমকালীন প্রাসঙ্গিকতা' এবং 'রবীন্দ্রনাথের বিজ্ঞান ভাবনা' প্রস্তাবনা পাওয়া যায়। এ দুটি বিষয় হতে এবারের প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হয় 'মানুষের ধর্ম: রবীন্দ্রনাথ ও সমকালীন প্রাসঙ্গিকতা'। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ২. | **মূল অনুষ্ঠানের স্থান ও সময় :**<br>এবারের রবীন্দ্র জন্মবার্ষিকীর মূল অনুষ্ঠান ২৫ বৈশাখ ১৪২৪/৮ মে ২০১৭ তারিখে রবীন্দ্র স্মৃতিবিজড়িত নওগাঁর পতিসরে অথবা মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী স্মৃতি বিজড়িত অন্য যে কোন স্থানে আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ৩. | **উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি, সভাপতি :**<br>উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হবে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় সম্মতি ও অভিপ্রায় অনুযায়ী অনুষ্ঠানের সময়সূচি চূড়ান্ত করা হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ৪. | **অনুষ্ঠানের স্মারক বক্তা মনোনয়ন:**<br>বিশিষ্ট রবীন্দ্র গবেষক জনাব আহমদ রফিক' কে মূল অনুষ্ঠানের স্মারকবক্তা হিসেবে মনোনীত করা হয়। বিকল্প হিসেবে সৈয়দ আকরম হোসেন এবং জনাব হায়াৎ মাহমুদ'কে মনোনীত করা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫. | **সাংস্কৃতিক অনুষ্ঠান ও চিত্র প্রদর্শনী আয়োজন :** উদ্বোধনী অনুষ্ঠানে ৩০ মিনিটের সাংস্কৃতিক পর্ব থাকবে। সাংস্কৃতিক পর্ব আয়োজনের সার্বিক দায়িত্ব বাংলাদেশ শিল্পকলা একাডেমি পালন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ৬. | **জন্মবার্ষিকী উপলক্ষে স্মরণিকা ও পোস্টার মুদ্রণ:** বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৬তম জন্মবার্ষিকী উপলক্ষে স্মরণিকা ও পোস্টার মুদ্রণ করা হবে। বাংলা একাডেমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইন্সটিটিউটের সাথে আলোচনা করে স্মরণিকা ও পোস্টার মুদ্রণের দায়িত্ব পালন করবে। মূল নকশা পতিসরের আলোকে হতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলা একাডেমি |
| ৭. | **জাতীয় পর্যায়ের অনুষ্ঠানের অংশ হিসেবে রবীন্দ্র স্মৃতি বিজড়িত স্থানসমূহে অনুষ্ঠান আয়োজন :** ঢাকাসহ বিশ্বকবির স্মৃতিবিজড়িত কুষ্টিয়ার শিলাইদহ, সিরাজগঞ্জের শাহজাদপুর, নওগাঁর পতিসর এবং খুলনার দক্ষিণডিহি ও পিঠাভোগে স্থানীয় প্রশাসনের ব্যবস্থাপনায় যথাযোগ্য মর্যাদায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৬তম জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হবে। এ উপলক্ষে রবীন্দ্রমেলা, রবীন্দ্রবিষয়ক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্মসূচি প্রণয়ন করে জন্মবার্ষিকী উদ্‌যাপনের ব্যবস্থা গ্রহণ করবে। জন্মবার্ষিকী উদ্‌যাপনের ব্যয় নির্বাহের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে আর্থিক সহায়তা প্রদান করা হবে। জেলা প্রশাসকগণ জেলার অনুষ্ঠানে সভাপতিত্ব করতে পারেন। জেলা প্রশাসকগণ অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্বাচন করবেন। তবে এই ক্ষেত্রে বিশিষ্ট রবীন্দ্র গবেষক/ শিক্ষাবিদ/ সাহিত্যিক/ সংস্কৃতিসেবীদের নির্বাচনের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাথে আলোচনাক্রমে জেলা পর্যায়ের অনুষ্ঠানসমূহে স্মারকবক্তা হিসেবে দেশের বিশিষ্ট রবীন্দ্র গবেষক/শিক্ষাবিদ/ সাহিত্যিক-কে নির্বাচন করতে হবে। | জেলা প্রশাসক, কুষ্টিয়া/নওগাঁ/ খুলনা |
| ৮. | **সাংস্কৃতিক অনুষ্ঠান ও চারুকলা প্রদর্শনী আয়োজন :** সকালে উদ্বোধনী অনুষ্ঠানস্থলের পাশে এবং পরবর্তী সময়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে ৩ দিন ব্যাপী কবির চিত্রশিল্প প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। এ অনুষ্ঠান আয়োজনের সার্বিক দায়িত্ব বাংলাদেশ শিল্পকলা একাডেমি পালন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ৯. | **আলোচনা অনুষ্ঠান :** ০৯ মে ২০১৭ বাংলা একাডেমিতে আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হবে | বাংলা একাডেমি |
| ১০. | **টেলিভিশন বেতারে অনুষ্ঠান সম্প্রচার :** জাতীয় পর্যায়ের উদ্বোধনী অনুষ্ঠানমালা বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বেসরকারি বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তথ্য মন্ত্রণালয় বেসরকারি বেতার ও টেলিভিশন চ্যানেলসমূহকেও এ বিষয়ে অনুরোধ জানাবে। | তথ্য মন্ত্রণালয় তথ্য অধিদপ্তর বাংলাদেশ টেলিভিশন বাংলাদেশ বেতার |
| ১১. | **অন্যান্য জেলাসমূহে অনুষ্ঠান আয়োজন :** যে সকল জেলায় জাতীয় কর্মসূচির অংশ হিসেবে রবীন্দ্র জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হবে না, সে সকল জেলার জেলা প্রশাসকগণ স্থানীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি ও সুধিজনের সহযোগিতায় কমিটি গঠন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করবে। স্থানীয় কমিটিতে রবীন্দ্রগবেষক, শিক্ষাবিদ, শিল্পী, সাহিত্যিক ও গুণীজন অন্তর্ভুক্ত থাকবেন। সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণ অনুষ্ঠানসমূহের সার্বিক তত্ত্বাবধান করবেন। স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে অনুষ্ঠান আয়োজনের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমি সকল জেলা শাখাকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | বিভাগীয় কমিশনার (সকল) জেলা প্রশাসক (সকল) ও বাংলাদেশ শিল্পকলা একাডেমি |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১২. | **অনুষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ :** জাতীয় পর্যায়ের মূল অনুষ্ঠান ও অন্যান্য স্থানের অনুষ্ঠানমালার সার্বিক আইন শৃঙ্খলা নিশ্চিত করার জন্য জননিরাপত্তা বিভাগ এবং সেবা ও সুরক্ষা বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারী করবে। | জননিরাপত্তা বিভাগ, সেবা ও সুরক্ষা বিভাগ, বাংলাদেশ পুলিশ/র‍্যাব/ পুলিশ সুপার (সকল) |
| ১৩. | **অনুষ্ঠানের অগ্নি নির্বাপন ব্যবস্থা নিশ্চিতকরণ:** জাতীয় পর্যায়ের মূল অনুষ্ঠান ও অন্যান্য স্থানের অনুষ্ঠানমালার অগ্নি নির্বাপন ব্যবস্থা নিশ্চিত করার জন্য সেবা ও সুরক্ষা বিভাগ এবং জননিরাপত্তা বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারী করবে। | সেবা ও সুরক্ষা বিভাগ, জননিরাপত্তা বিভাগ এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ১৪. | **দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে রবীন্দ্র জন্মবার্ষিকী উদ্‌যাপন :** ঢাকাসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে বিশ্বকবির জন্মবার্ষিকী আবশ্যিকভাবে উদ্‌যাপন করবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা জারী করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জন্মবার্ষিকী উদ্‌যাপনের বিষয়টি নিশ্চিত করবে। শিল্পকলা একাডেমি সত্যজিত রায়-এর রবীন্দ্রনাথের উপর নির্মিত ডকুমেন্টারী সংগ্রহপূর্বক মাসব্যাপী শিল্পকলা একাডেমির মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br><br>বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ১৫. | **বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক রবীন্দ্র জন্মবার্ষিকী উদ্‌যাপন :** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে দিবসটি যথাযথভাবে উদ্‌যাপনের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় নির্দেশনা জারী করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় |

খ) জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৮তম জন্মবার্ষিকী উদ্‌যাপন

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | **অনুষ্ঠানের প্রতিপাদ্য বিষয় :** এ বছর জাতীয়ভাবে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৮তম জন্মবার্ষিকী উদ্‌যাপনের প্রতিপাদ্য বিষয় হিসেবে 'সাম্রাজ্যবাদ ও উপনিবেশবাদ বিরোধী সৈনিক নজরুল' এবং 'সৈনিক নজরুলের শতবর্ষ: দ্রোহ, আপোষহীনতা ও মুক্তচেতনার উন্মেষ' প্রস্তাবনা পাওয়া যায়। এ দুটি বিষয় হতে এবারের প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হয় 'সাম্রাজ্যবাদ ও উপনিবেশবাদ বিরোধী সৈনিক নজরুল'। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ২. | **মূল অনুষ্ঠানের স্থান ও সময় :** জাতীয় পর্যায়ে ১১ জ্যৈষ্ঠ ১৪২৪ / ২৫ মে ২০১৭ তারিখে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৮তম জন্মবার্ষিকীর মূল অনুষ্ঠান ঢাকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ৩. | **উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি ও সভাপতি :** উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হবে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় সম্মতি ও অভিপ্রায় অনুযায়ী সময়সূচি চূড়ান্ত করা হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ৪. | **অনুষ্ঠানের স্মারক বক্তা মনোনয়ন :** বিশিষ্ট নজরুল গবেষক জনাব সৌমিত্র শেখর'কে মূল অনুষ্ঠানের স্মারকবক্তা হিসেবে মনোনীত করা হয়। বিকল্প হিসেবে ড. ভূঁইয়া ইকবাল'কে মনোনীত করা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫. | **সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন :**<br>উদ্বোধনী অনুষ্ঠানে ৩০ মিনিটের সাংস্কৃতিক পর্ব থাকবে। সাংস্কৃতিক পর্ব আয়োজনের সার্বিক দায়িত্ব বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং নজরুল ইনস্টিটিউট যৌথভাবে পালন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>বাংলাদেশ শিল্পকলা একাডেমি<br>এবং<br>নজরুল ইন্সটিটিউট |
| ৬. | **জন্মবার্ষিকী উপলক্ষে স্মরণিকা ও পোস্টার মুদ্রণ:**<br>জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৮তম জন্মবার্ষিকী উপলক্ষে স্মরণিকা ও পোস্টার মুদ্রণ করা হবে। বাংলা একাডেমির সহায়তায় নজরুল ইনস্টিটিউট স্মরণিকা ও পোস্টার মুদ্রণের দায়িত্ব পালন করবে। পোস্টারের ডিজাইন বাংলা একাডেমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইন্সটিটিউটের সাথে আলোচনাক্রমে করবে। ডিজাইনে সৈনিক নজরুল থাকতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>বাংলা একাডেমি<br>নজরুল ইনস্টিটিউট |
| ৭. | **জাতীয় পর্যায়ের অনুষ্ঠানের অংশ হিসেবে নজরুল স্মৃতি বিজড়িত স্থানসমূহে অনুষ্ঠান আয়োজন:**<br>ঢাকাসহ জাতীয় কবির স্মৃতিবিজড়িত ময়মনসিংহের ত্রিশাল, কুমিল্লার দৌলতপুর এবং চট্টগ্রামে স্থানীয় প্রশাসনের ব্যবস্থাপনায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৮তম জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হবে। এ উপলক্ষে নজরুল মেলা, নজরুলবিষয়ক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন বিভিন্ন কর্মসূচি প্রণয়ন করে জন্মবার্ষিকী উদ্‌যাপনের ব্যবস্থা গ্রহণ করবে। জন্মবার্ষিকী উদ্‌যাপনের ব্যয় নির্বাহের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে আর্থিক সহায়তা প্রদান করবে।<br>জেলা প্রশাসকগণ জেলার অনুষ্ঠানে সভাপতিত্ব করতে পারেন। জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট এলাকার মাননীয় মন্ত্রী/মাননীয় সংসদ সদস্য এবং স্থানীয় নজরুলগবেষক ও সুধীমণ্ডলির সঙ্গে পরামর্শ করে অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্বাচন করবেন। তবে এই ক্ষেত্রে বিশিষ্ট নজরুল গবেষক/ শিক্ষাবিদ/ সাহিত্যিক/ সংস্কৃতিসেবীদের নির্বাচনের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাথে আলোচনাক্রমে জেলা পর্যায়ের অনুষ্ঠানসমূহে স্মারকবক্তা হিসেবে দেশের বিশিষ্ট নজরুল গবেষক/শিক্ষাবিদ/ সাহিত্যিক-কে নির্বাচন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>এবং<br>জেলা প্রশাসক<br>ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা |
| ৮. | **বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং নজরুল ইন্সটিটিউটে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা অনুষ্ঠান আয়োজন :**<br>১১ জ্যৈষ্ঠ ১৪২৪ / ২৫ মে ২০১৭ ঢাকায় বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও নজরুল ইন্সটিটিউট সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে। এছাড়া নজরুল ইন্সটিটিউট কবির জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা অনুষ্ঠান আয়োজন করবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি<br>এবং<br>নজরুল ইন্সটিটিউট |
| ৯. | **কবির সমাধিতে পুষ্পস্তবক অর্পণ :**<br>১১ জ্যৈষ্ঠ ১৪২৪ / ২৫ মে ২০১৭ সকাল ৬:৩০ টার মধ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়'এর পক্ষে মাননীয় মন্ত্রীর নেতৃত্বে কবির সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। | নজরুল ইন্সটিটিউট |
| ১০. | **টেলিভিশন বেতারে অনুষ্ঠান সম্প্রচার :**<br>জাতীয় পর্যায়ের উদ্বোধনী অনুষ্ঠানমালা বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বেসরকারী বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তথ্য মন্ত্রণালয় বেসরকারি বেতার ও টেলিভিশন চ্যানেলসমূহকেও এ বিষয়ে অনুরোধ জানাবে। | তথ্য মন্ত্রণালয়<br>তথ্য অধিদপ্তর<br>বাংলাদেশ টেলিভিশন<br>বাংলাদেশ বেতার |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১১. | **অন্যান্য জেলাসমূহে অনুষ্ঠান আয়োজন :** যে সকল জেলায় জাতীয় কর্মসূচির অংশ হিসেবে নজরুল জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হবে না সে সকল জেলার জেলা প্রশাসকগণ স্থানীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি ও সুধীজনের সহযোগিতায় কমিটি গঠন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করবে। স্থানীয় কমিটিতে নজরুল গবেষক, শিক্ষাবিদ, শিল্পী, সাহিত্যিক ও গুণীজন অন্তর্ভুক্ত থাকবেন। সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণ অনুষ্ঠানসমূহের সার্বিক তত্ত্বাবধান করবে। স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে অনুষ্ঠান আয়োজনের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমি এ বিষয়ে শিল্পকলা একাডেমির সকল জেলা শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা জারী করবে। | বিভাগীয় কমিশনার (সকল) জেলা প্রশাসন (সকল) এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ১২. | **অনুষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ :** জাতীয় পর্যায়ের মূল অনুষ্ঠান ও অন্যান্য স্থানের অনুষ্ঠানমালার সার্বিক আইন শৃঙ্খলা নিশ্চিত করার জন্য জননিরাপত্তা বিভাগ এবং সেবা ও সুরক্ষা বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারী করবে। | জননিরাপত্তা বিভাগ, সেবা ও সুরক্ষা বিভাগ, বাংলাদেশ পুলিশ/র‍্যাব/ পুলিশ সুপার (সকল) |
| ১৩. | **অনুষ্ঠানের অগ্নি নির্বাপন ব্যবস্থা নিশ্চিতকরণ:** জাতীয় পর্যায়ের মূল অনুষ্ঠান ও অন্যান্য স্থানের অনুষ্ঠানমালার অগ্নি নির্বাপন ব্যবস্থা নিশ্চিত করার জন্য সেবা ও সুরক্ষা বিভাগ এবং জননিরাপত্তা বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারী করবে। | সেবা ও সুরক্ষা বিভাগ, জননিরাপত্তা বিভাগ এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ১৪. | **দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নজরুল জন্মবার্ষিকী উদ্‌যাপন :** ঢাকাসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে জাতীয় কবির জন্মবার্ষিকী আবশ্যিকভাবে উদ্‌যাপন করবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা জারী করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জন্মবার্ষিকী উদ্‌যাপনের বিষয়টি নিশ্চিত করবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ১৫. | **বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক নজরুল জন্মবার্ষিকী উদ্‌যাপন :** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে দিবসটি যথাযথভাবে উদ্‌যাপনের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা জারী করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় |
| ১৬. | **ছবি, পোস্টার ও বই প্রদর্শনী :** নজরুল ইন্সটিটিউট জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে বর্তমান প্রজন্মের সাথে পরিচিত করার লক্ষ্যে কবির ছবি, পোস্টার ও বই প্রদর্শনীর আয়োজন করবে এবং গণগ্রন্থাগার অধিদপ্তর বই প্রদর্শনী, পাঠ প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতা আয়োজন করবে। | নজরুল ইন্সটিটিউট এবং গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ১৭. | **কবির উপর একটি ডকুমেন্টারী তৈরী:** জাতীয় কবিকে নিয়ে বিভিন্ন টেলিভিশনে প্রচারিত ভিডিওচিত্রসমূহ সংগ্রহ করে বিশেষত বঙ্গবন্ধুর পরিবারের সাথে কবির বিভিন্ন ভিডিওচিত্রসমূহ সংগ্রহ করে একটি ডকুমেন্টারী তৈরী করতে হবে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |

গ) উপকমিটি গঠন : রবীন্দ্র ও নজরুল জন্মবার্ষিকী সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয়তার নিরিখে বিভিন্ন উপকমিটি গঠন করা হবে।

০৩। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১১/০৪/২০১৭
আসাদুজ্জামান নূর, এম.পি.
মন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক: ৪৩.০০.০০০০.১২৪.২৩.১২৮.১৭. ৭৮৮

২৮ চৈত্র ১৪২৩
১১ এপ্রিল ২০১৭

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, সেবা ও সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব,জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। অধ্যাপক মোঃ রফিকুল ইসলাম, এ-২, দোলনচাঁপা. বাড়ী নং-৪৪, সড়ক নং-০৫, সেক্টর নং-১০, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
১৪। অধ্যাপক আ.আ.ম.স. আরেফিন সিদ্দিক, উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৫। উপাচার্য, কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
১৬। অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১৮। অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১৯। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
২০। মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা।
২১। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা।
২২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
২৩। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
২৪। নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, ধানমন্ডি,ঢাকা
২৫। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
২৬। যুগ্মসচিব (প্রশাসন),সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮। জনাব রামেন্দু মজুমদার, সভাপতি, ইন্টন্যাশনাল থিয়েটার ইনস্টিটিউট, মাতৃছায়া, ২০/২, সেন্ট্রাল রোড, ঢাকা-১২০৫।
২৯। জনাব তপন মাহমুদ, বাড়ী নং- ৮১-৮৩, ফ্লাট - সি৩, ব্লক-বি, রোড - ৪, নিকেতন, গুলশান-১, ঢাকা।
৩০। জনাব গোলাম কুদ্দুস, রোজ ভিউ প্লাজা, হাতিরপুল, ঢাকা।
৩১। অধ্যক্ষ, সরকারি সংগীত মহাবিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।
৩২। বেগম খিলখিল কাজী, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, বাড়ি নং-৩৮, ব্লক-ই, সড়ক-১২, বনানী, ঢাকা।
৩৩। জেলা প্রশাসক, ঢাকা/ সিরাজগঞ্জ/ নওগাঁ/ কুষ্টিয়া/খুলনা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম।
৩৪। জেলা প্রশাসক, ......................................।
৩৫। পুলিশ সুপার, ঢাকা/ সিরাজগঞ্জ/ নওগাঁ/ কুষ্টিয়া/খুলনা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম।
৩৬। উপসচিব (প্রশাসন),সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৩৭। উপপ্রধান, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৩৮। সহকারী সচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৩৯। সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

**সদয় অবগতি ও কার্যার্থে:**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১১.০৪.১৭

উত্তম কুমার পাল
সহকারী সচিব
ফোন: ৯৫১৪১৬০